

বাংলাদেশ রেলওয়ে

পদের নামঃ গার্ড (হেড-২)

তারিখঃ ২৫.১১.২০১৬; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ৬০

01. তমসাচ্ছন্ন শব্দের অর্থ হলো: অঙ্ককারের মধ্যে/ অঙ্ককারে ঢাকা/ অঙ্ককারের গুহা/ অঙ্ককারের পথ/ অঙ্ককারের মতো।

Solution: তমসাচ্ছন্ন শব্দের অর্থ অঙ্ককারে ঢাকা।

02. ভজন কি ?

Solution: ঈশ্বর বা দেবদেবীর স্তুতি বা মহিমা-কীর্তনকে ভজন বলে।

03. দেব মন্দিরের সামনের ঘর যেখানে নাচ গান করা হয় তাকে বলা হয়:

ক. নাটমন্দির খ. দেবমণ্ডপ গ. নাট্যমন্দির ঘ. চণ্ডীমণ্ডপ

Solution: নাট্যমন্দির: দেব মন্দিরের সামনের ঘর যেখানে নাচ গান করা হয়।

04. 'খোকাকে তুমি কাঁদাইওনা' বাক্যটিতে কোন ক্রিয়া ব্যবহৃত হয়েছে?

ক) অকর্মক খ) যৌগিক গ) প্রযোজক ঘ) সকর্মক।

Solution: বাক্যটিতে প্রযোজক ক্রিয়া ব্যবহৃত হয়েছে।

05. কোনটি নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ?

ক) সধবা খ) দাই গ) সপত্নী ঘ) সৎমা

Solution: 'সপত্নী' নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ।

06. সন্ধি বিচ্ছেদ করুন: বৈদেশিক; প্রত্যেক।

Solution: বৈদেশিক = বিদেশ + ইক (তৎসম স্বরসন্ধি)। প্রত্যেক = প্রতি + এক (তৎসম স্বরসন্ধি)।

07. প্রকৃতি প্রত্যয় নির্ণয় করুন এবং প্রত্যয়ের নাম লিখুন: প্রসূতি।

Solution: প্রসূতি = প্র + জর (সৃ) + তি (কৃৎ প্রত্যয়)।

08. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: বিশ্রী, অনাসক্ত।

Solution: বিশ্রী = শ্রীর অভাব (অব্যয়ীভাব সমাস)। অনাসক্ত = নয় আসক্ত (নঞ তৎপুরুষ সমাস)।

09. ইংরেজি পরিভাষা লিখুন: ধ্বনিবিদ্যা, মৈত্রীজোট

Solution: ধ্বনিবিদ্যা - Phonetics. মৈত্রীজোট - Alliance

10. বাক্য সংকোচন করুন:

ক) চোখের দ্বারা গৃহীত। খ) কাচের তৈরী ঘর।

Solution: ক. চোখের দ্বারা গৃহীত - গোচর। খ. কাচের তৈরী ঘর- শিশমহল।

11. Write down pronoun and name of pronoun in the sentence of: Two brothers help each other.

Solution: Each other- distributive pronoun

12. Write down adjective of the words: Powder, Endure

Solution: Powdered, endurable.

13. Write down the structure of present perfect continuous tense.

Solution: Subject + have/ has been + v-ing + object/ Extension

14. Write down past form of: Weave, Spit

Solution: wove, spat

15. What is the right form of verb: No sooner had I (to go) than he (to leave)

Solution: gone, left

16. Proverb গুলোর বাংলা লিখুন:

Solution: a. To the pure all things are pure. → আপনি ভালো তো জগৎ ভালো।

b. The pen is mightier than the sword. → অসীর চেয়ে মসি বড়।

17. Write down one synonym and antonym of : Frivolous.

Solution: Frivolous (তুচ্ছ/ হালকা) এর Synonym Trivial (তুচ্ছ/ হালকা) এবং Antonym Significant (গুরুত্বপূর্ণ)।

18. Correct the sentence of: This pen is better than her.

Solution: This pen is better than hers.

19. What is the meanings of: Glance at, Glance over.

Solution: Glance at – দৃষ্টিপাত করা; Glance over – দ্রুত নিরীক্ষণ করা।

20. Fill in the blank with appropriate words: I wanted to talk ___ you ___ his mother.

Solution: to, about

21. Change the voice into Active: Let the game is finished.

Solution: Let us finish the game.

22. Change the narration of: The teacher said, to Kamal, "Why are you talking in the class? You should behave yourself"?

Solution: The teacher asked Kamal why he was talking in the class and warned that he should behave himself.

23. What are the comparative and superlative degree of : Fore

Solution: Comparative– former, superlative– fore (সম্মুখে অবস্থিত/ সম্মুখ)-most.

24. Substitute into single word: One living at the same with another.

Solution: Contemporary (সমসাময়িক)।

25. Translate into English:

Solution: a) আমাদের প্রধান শিক্ষক অল্প কথা বলেন। → Our head teacher is reticent.

b) তার কম্প দিয়ে জ্বর এসেছে। → He is attacked with shivering fever.

26. এক বিলিয়ন সংখ্যায় প্রকাশ করতে ১ এর পর কতটি শূন্য লাগবে ?

Solution: ১ বিলিয়ন = ১০০ কোটি = $100 \times 100000000 = 10000000000$
সুতরাং ১ বিলিয়ন সংখ্যায় প্রকাশ করতে ১ এরপর ৯টি শূন্য (০) লাগবে।

27. 4 টাকার $\frac{5}{8}$ এবং 2 টাকার $\frac{4}{5}$ অংশের পার্থক্য টাকায় প্রকাশ করুন।

Solution: 4 টাকার $\frac{5}{8} = \frac{5}{2}$ টাকা

∴ 2 টাকার $\frac{4}{5} = \frac{8}{5}$ টাকা

∴ পার্থক্য = $\frac{5}{2} - \frac{8}{5} = \frac{25 - 16}{10} = \frac{9}{10}$ টাকা

28. একটি প্রকৃত ভগ্নাংশের লব ও হরের অন্তর 2. লব ও হরের উভয় থেকে 5 বিয়োগ করলে যে ভগ্নাংশ পাওয়া যায় তার সাথে $\frac{1}{4}$ যোগ করলে 1 হয়। ভগ্নাংশটি কত?

Solution: ধরি, লব x

∴ হর = $x + 2$

∴ ভগ্নাংশ = $\frac{x}{x+2}$

Clipboard

খাদ্য ও কৃষি সংস্থার প্রকাশিত তথ্য অনুযায়ী বাংলাদেশ বর্তমানে গরু পালনে বিশ্বে ১২তম দেশ (প্রথম স্থানে রয়েছে ব্রাজিল, দ্বিতীয় স্থানে ভারত, তৃতীয় স্থানে চীন, চতুর্থ স্থানে যুক্তরাষ্ট্র এবং পঞ্চম স্থানে ইথিওপিয়া রয়েছে)।

প্রশ্নমতে, $\frac{x-5}{x+2-5} + \frac{1}{4} = 1$

$\Rightarrow \frac{x-5}{x-3} = 1 - \frac{1}{4}$

$\Rightarrow \frac{x-5}{x-3} = \frac{3}{4}$

$\Rightarrow 4x - 20 = 3x - 9 \Rightarrow 4x - 3x = 20 - 9$

$\therefore x = 11$

\therefore নির্ণেয় ভগ্নাংশ = $\frac{11}{11+2} = \frac{11}{13}$

29. এক গ্যালনে কত পাইন্ট? এবং ১ কর্গমাইল সমান কত একর?

Solution: এক গ্যালন = ৬.৬৬ পাইন্ট; ১ কর্গমাইল = ৬৪০ একর

30. সুদের হার ৭% থেকে কমে ৫% হলে এক ব্যক্তির আয় ৫ বছরে ৭০ টাকা কমে যায়। তার মূলধন কত?

Solution: সুদের হার কমে = $(7 - 5)\% = 2\%$

১০০ টাকায় ১ বছরে সুদ কমে = ২ টাকা

\therefore ১০০ টাকায় ৫ বছরে সুদ কমে = $5 \times 2 = 10$ টাকা

১০ টাকা কমে যখন মূলধন = ১০০ টাকা

\therefore ৭০ টাকা কমে যখন মূলধন = $\frac{100 \times 90}{10} = 900$ টাকা

31. চিনির দাম ২০% কমে গেলে ইহার ব্যবহার ২০% বৃদ্ধি পায়। এতে বাস্তব ব্যয় শতকরা কত বাড়ল বা কমলো?

Solution: মনে করি, ক্রয়মূল্য ১০০ টাকা

২০% কমে চিনির ক্রয়মূল্য = $100 - 20 = 80$ টাকা

আবার ২০% বৃদ্ধিতে ব্যয় = $\left(80 + 80 \times \frac{20}{100}\right)$ টাকা = $80 + 16 = 96$ টাকা

\therefore বাস্তব ব্যয় কমে $(100 - 96)\% = 4\%$

32. গমের মূল্য ১৫% কমে যাওয়ায় ৬,০০০ টাকায় পূর্বেপেক্ষা ১ কুইন্টাল গম বেশি পাওয়া যায়। ১ কেজি গমের বর্তমান মূল্য কত?

Solution: গমের মূল্য ১০০ টাকায় কমে ১৫ টাকা

\therefore গমের মূল্য ৬,০০০ টাকায় কমে = $\frac{15 \times 6000}{100} = 900$ টাকা

আমরা জানি, ১ কুইন্টাল = ১০০ কেজি

\therefore ১০০ কেজি গমের মূল্য ৯০০ টাকা

\therefore ১ কেজি গমের মূল্য = $\frac{900}{100}$ টাকা = ৯ টাকা

33. ঘণ্টায় ৫ কিমি বেগে চললে কোন স্থানে পৌছাতে যে সময় লাগে, ঘণ্টায় ৬ কিমি বেগে চললে তার চেয়ে ৩০ মিনিট সময় কম লাগে। স্থানটির দূরত্ব কত?

Solution: মনে করি, স্থানটির দূরত্ব x কিমি.

৫ কিমি গতিতে যেতে সময় লাগে = $\frac{x}{5}$ ঘণ্টা

৬ কিমি গতিতে যেতে সময় লাগে = $\frac{x}{6}$ ঘণ্টা

Clipboard

১০ নভেম্বর, ২০২০ সালে ৯ দফা চুক্তি স্বাক্ষরের মাধ্যমে তিন দশকেরও বেশী সময় ধরে চলা বিরোধপূর্ণ অঞ্চল 'নাগারনো-কারাবাগ' নিয়ে চলা আকারবাইজান এবং আর্মেনিয়া যুদ্ধের অবসান হয়। এর মাধ্যমে আকারবাইজান তার ১৯৯১ সালের দখলকৃত ভূখণ্ড ফেরত পেলো। ২০২০ সালের ২৭ সেপ্টেম্বরে নতুন করে এই যুদ্ধ শুরু হয়।

Clipboard

ভুটানের সঙ্গে বাংলাদেশের প্রথম 'Preferential Trade Agreement' (PTA) চুক্তি স্বাক্ষরিত হয় ৬ ডিসেম্বর, ২০২০ সালে (চুক্তির আওতার মধ্যে রয়েছে বাংলাদেশ ভুটানের বাজারে ১০০টি পণ্যে তক্ষমুক্ত বাজারসুবিধা পাবে; এবং ভুটান বাংলাদেশে ৩৪টি পণ্যে তক্ষমুক্ত বাজারসুবিধা পাবে)।

$$\text{প্রশ্নমতে, } \frac{x}{5} - \frac{x}{6} = \frac{1}{2}$$

$$[\because 30 \text{ মিনিট} = \frac{1}{2} \text{ ঘণ্টা}]$$

$$\Rightarrow \frac{6x - 5x}{30} = \frac{1}{2} \Rightarrow x = \frac{30}{2}$$

$$\therefore x = 15$$

\therefore স্থানটির দূরত্ব = 15 কিমি.

34. A ও B সমবেগে নির্দিষ্ট পথ অতিক্রম করে যথাক্রমে t_1 এবং $(t_1 + t_2)$ মিনিটে। A ও B এর গতিবেগের অনুপাত কত?

Solution: যেহেতু A ও B সমবেগে চলে নির্দিষ্ট পথ অতিক্রম করে সেহেতু A ও B এর গতিবেগের অনুপাত = $t_1 : (t_1 + t_2)$

$$\text{এবং গতিবেগের সমষ্টি} = t_1 + t_1 + t_2 = 2t_1 + t_2$$

35. $\frac{1}{3} + \frac{1}{3^2} + \frac{1}{3^3} + \dots$ অন্তর ধারার মান কত?

Solution: এখানে, ধারাটির ১ম পদ $a = \frac{1}{3}$

$$\text{সাধারণ অনুপাত } r = \frac{1}{3^2} \times \frac{1}{3} = \frac{1}{3} < 1$$

$$\therefore \text{ধারাটির অসমীতক সমষ্টি } S = \frac{a}{1-r} = \frac{\frac{1}{3}}{1-\frac{1}{3}} = \frac{\frac{1}{3}}{\frac{2}{3}} = \frac{1}{3} \times \frac{3}{2} = \frac{1}{2}$$

36. উৎপাদকে বিশ্লেষণ করুনঃ $4x^4 - 25x^2 + 36$

Solution: $4x^4 - 25x^2 + 36$

$$= 4x^4 - 8x^3 + 8x^3 - 16x^2 - 9x^2 + 18x - 18x + 36$$

$$= 4x^3(x-2) + 8x^2(x-2) - 9x(x-2) - 18(x-2)$$

$$= (x-2)(4x^3 + 8x^2 - 9x - 18)$$

$$= (x-2)\{4x^2(x+2) - 9(x+2)\}$$

$$= (x-2)(x+2)(4x^2 - 9)$$

$$= (x-2)(x+2)\{(2x)^2 - (3)^2\}$$

$$= (x-2)(x+2)(2x+3)(2x-3)$$

37. $x = \sqrt{3} + \sqrt{2}$ হলে $x^2 + \frac{1}{x}$ এর মান নির্ণয় করুন।

Solution: দেওয়া আছে, $x = \sqrt{3} + \sqrt{2}$

$$\therefore \frac{1}{x} = \frac{1}{\sqrt{3} + \sqrt{2}} = \frac{\sqrt{3} - \sqrt{2}}{(\sqrt{3} + \sqrt{2})(\sqrt{3} - \sqrt{2})} = \frac{\sqrt{3} - \sqrt{2}}{(\sqrt{3})^2 - (\sqrt{2})^2} = \sqrt{3} - \sqrt{2}$$

$$\therefore x + \frac{1}{x} = \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2} = 2\sqrt{3}$$

$$\text{এখন, } x^2 + \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)^2 - 2 \times x \times \frac{1}{x} = (2\sqrt{3})^2 - 2 = 12 - 2 = 10$$

38. একটি বৃত্তের ব্যাস 4 গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

Solution: মনে করি, বৃত্তের ব্যাস = r

$$\text{বৃত্তের ব্যাসার্ধ} = \frac{r}{2}$$

$$\therefore \text{বৃত্তের ক্ষেত্রফল} = \pi \frac{r^2}{4}$$

$$4 \text{ গুণ বৃদ্ধিতে ব্যাস} = 4r$$

$$4 \text{ গুণ বৃদ্ধিতে ব্যাসার্ধ} = \frac{4r}{2}$$

Clipboard	
বিভিন্ন পদে যিনি শপথ বাক্য পড়ান	
রাষ্ট্রপতি যাদের শপথ পড়ান	প্রধানমন্ত্রী যাদের শপথ পড়ান
০১. প্রধানমন্ত্রী। ০২. মন্ত্রীগণ।	০১.
০৩. উপমন্ত্রী। ০৪. প্রতিমন্ত্রী।	সিটি কর্পোরেশনের মেয়রদের।
০৫. স্পীকার।	০২.
০৬. ডেপুটি স্পীকার।	জেলা পরিষদের চেয়ারম্যানদের
০৭. প্রধান বিচারপতি।	
স্পীকার যাদের শপথ পড়ান	প্রধান বিচারপতি যাদের শপথ পড়ান
০১. রাষ্ট্রপতি।	০১. সুপ্রীম কোর্টের কোন
০২. সকল সংসদ সদস্যদের।	বিভাগের কোন বিচারককে।
	০২. প্রধান নির্বাচন কমিশনারকে।
	০৩. মহা হিসাব-নিরীক্ষক ও
	নিয়ন্ত্রককে।
	০৪. সরকারি কর্মকমিশনের
	সদস্যদেরকে।
স্থানীয় সরকারমন্ত্রী	বিভাগীয় কমিশনার
০১. সিটি কর্পোরেশনের	০১. পৌরসভার মেয়র
কাউন্সিলর	০২. পৌরসভার কাউন্সিলর
০২. জেলা পরিষদের সদস্য	০৩. উপজেলা পরিষদের
	চেয়ারম্যান
জেলা প্রশাসক	উপজেলা নির্বাহী কর্মকর্তা
০১. ইউনিয়ন পরিষদের	০১. ইউনিয়ন পরিষদের সদস্য
চেয়ারম্যান	

Clipboard
<ul style="list-style-type: none"> টাইম ম্যাগাজিনের বর্ষসেরা শিশু হয়েছেন ভারতীয় বংশোদ্ভূত মার্কিন কিশোরী বিজ্ঞানী ও উদ্ভাবক 'গিতাজলি রাও'। প্রথম নারী, কৃষাঙ্গ ও এশিয়ান, আমেরিকান ভাইস প্রেসিডেন্ট : কমলা হ্যারিস।

$$4 \text{ গুণ বৃদ্ধিতে ক্ষেত্রফল} = \pi(2r)^2 = 4\pi r^2$$

$$\therefore \text{ক্ষেত্রফল বৃদ্ধি} = \frac{4\pi r^2}{\frac{r}{\pi/4}} \text{ গুণ} = 16 \text{ গুণ}$$

39. একটি বহুভুজের বাহুর সংখ্যা 6 হলে বহুভুজটির অন্তঃকোণের সমষ্টি কত?

Solution: বহুভুজের অন্তঃকোণের সমষ্টি = $(n - 2) \times 180^\circ = (6 - 2) \times 180^\circ = 720^\circ$ [বাহুর সংখ্যা $n = 6$]

40. একটি কুকুর 1টি শিয়ালের 500 মিটার পিছন থেকে তাড়া করলো। 1 কিমি যেতে শিয়ালের 10 মিনিট এবং কুকুরের 6 মিনিট সময় লাগলে কতক্ষণ পর কুকুর শিয়ালটিকে ধরতে পারবে?

Solution: কুকুর 6 মিনিটে যায় = 1 কিমি বা 1000 মিটার

$$\therefore \text{কুকুর 1 মিনিটে যায়} = \frac{1000}{6} = \frac{500}{3} \text{ মিটার}$$

$$\text{আবার, শিয়াল 1 মিনিটে যায়} \frac{1000}{10} = 100 \text{ মিটার}$$

$$\therefore \text{কুকুর 1 মিনিটে বেশি যায়} = \left(\frac{500}{3} - 100 \right) = \frac{500 - 300}{3} = \frac{200}{3} \text{ মিটার}$$

$$\text{কুকুর } \frac{200}{3} \text{ মিটার বেশি যায়} = 1 \text{ মিনিটে}$$

$$\therefore 500 \text{ মিটার বেশি যায়} = \frac{3 \times 500}{200} = 9 \frac{1}{2} \text{ মিনিটে}$$

$$\therefore \text{কুকুর } 9 \frac{1}{2} \text{ মিনিট পর শিয়ালকে ধরতে পারবে।}$$

41. কোনটি প্লাটিহেলমেনথিস প্রাণী? ক. যকৃতকৃমি খ. গোলকৃমি গ. কেঁচো ঘ. জেঁক

Solution: যকৃতকৃমি।

42. জীবের বংশগতির বৈশিষ্ট্যের বাহক হলোঃ গলজিবন্ত/ ক্রোমোজোম/ সেন্ট্রোজোম।

Solution: ক্রোমোজোম জীবের বংশগতির বৈশিষ্ট্যের বাহক।

43. জীবের কোষ বিভাজনের নামগুলো লিখুন।

Solution: জীবের তিন ধরনের কোষ বিভাজন দেখা যায়। 1. অ্যামাইটোসিস 2. মাইটোসিস ও 3. মিয়োসিস

44. দুটি যৌগিক ফলের উদাহরণ দিন?

Solution: যখন একটি পুষ্পমঞ্জুরির সবগুলো ফুল মিলে একটি ফলে পরিণত হয় তখন তাকে যৌগিক ফল বলে। দুটি যৌগিক ফলের উদাহরণ হলো 1. আনারস, 2. কাঁঠাল।

45. মৌলিক পদার্থের ধর্ম মূলত নির্ভর করেঃ

ক. ভর সংখ্যা এর উপর খ. পারমাণবিক সংখ্যা এর উপর

গ. ইলেকট্রন সংখ্যা এর উপর ঘ. ইলেকট্রন বিন্যাস এর উপর

Solution: মৌলিক পদার্থের ধর্ম মূলত নির্ভর করে ইলেকট্রন বিন্যাসের উপর।

46. ভর কাকে বলে এবং ওজন কাকে বলে?

Solution: পদার্থের ভিতরের মোট পরিমাণকেই সেই পদার্থের ভর বলা হয়। একে m দ্বারা প্রকাশ করা হয়।

অন্যদিকে পদার্থের ভর ও অভিকর্ষজ ত্বরণের গুণফলকে পদার্থের ওজন বলা হয়। একে W দ্বারা প্রকাশ করা হয়।

47. ধাতু এবং অধাতু পৃথক করুন : ফসফরাস, কার্বন, সালফার, লেড।

Solution: ধাতু- লেড (Pb) অধাতু - ফসফরাস (P) কার্বন (C) এবং সালফার (S)।

Clipboard	
বীরশ্রেষ্ঠরা যেসব সেক্টরে যুদ্ধ করেন	
বীরশ্রেষ্ঠের নাম	যুদ্ধের সেক্টর
ল্যান্স নায়েক মুন্সি আব্দুর রউফ	১
সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল	২
সিপাহী মোহাম্মদ হামিদুর রহমান	৪
ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর	৭
ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ	৮
ইঞ্জিনরুম আর্টিফিসার রুহুল আমিন	১০

48. অক্সালিক এসিড কোনটিতে বিদ্যমান

ক. তেঁতুল

খ. টমেটো

গ. আপেল

ঘ. আমলকি।

Solution: আমলকিতে অক্সালিক এসিড বিদ্যমান।

49. এসিড ও ক্ষারকের মূল পার্থক্য কি?

Solution: এসিড ও ক্ষারকের মূল পার্থক্য হলো p^H এর মান। p^H মান বৃদ্ধি পেলে ক্ষার ধর্ম বৃদ্ধি পায় আবার p^H হ্রাস পেলে এসিড ধর্ম বৃদ্ধি পায়।

50. রেটিনা কাকে বলে?

Solution: রেটিনাঃ চোখের লেন্সের পেছনে অবস্থিত অক্ষিগোলকের ভিতরের পৃষ্ঠের গোলাপি রঙের ঈষৎ স্বচ্ছ আলোকসংবেদী আবরণ।

51. রবিনসন ক্রুশো- ইংল্যান্ড/ স্পেন/ ফ্রান্সের অধিবাসী ছিলেন।

Solution: রবিনসন ক্রুশো ইংল্যান্ডের অধিবাসী ছিলেন। ডেনিয়েল ডিপো কর্তৃক রচিত 'রবিনসন ক্রুশো' উপন্যাসের প্রধান চরিত্র হলো ক্রুশো।

52. গোলাপী বিপ্লব কোথায় এবং কত সালে হয়েছিল?

Solution: গোলাপী বিপ্লব জর্জিয়ায় ২০০৩ সালের নভেম্বরে অনুষ্ঠিত হয়।

53. উরুগুয়ে এবং ইসরাইলের প্রধান সমুদ্র বন্দরের নাম কি কি?

Solution: উরুগুয়ের প্রধান সমুদ্রবন্দর মন্ডিভিডিও সমুদ্রবন্দর এবং ইসরাইলের প্রধান সমুদ্রবন্দর হাইফা সমুদ্রবন্দর।

54. FIFA কোন তারিখে কোন সনে এবং কোথায় প্রতিষ্ঠিত হয়?

Solution: FIFA (Federation of International Football Association) গঠিত হয় ২১ মে ১৯০৪, ফ্রান্সের রাজধানী প্যারিসে।

55. আধুনিক তুরস্ক, সিরিয়া, ইরান ও ইরাক রাষ্ট্রগুলো প্রাচীন কোন সভ্যতার অংশ?

ক. মিশরীয় সভ্যতা

খ. রোমান সভ্যতা

গ. সিন্ধু সভ্যতা

ঘ. মেসোপটেমিয়ার সভ্যতা

Solution: আধুনিক তুরস্ক, সিরিয়া, ইরান ও ইরাক মেসোপটেমিয়া সভ্যতার অন্তর্ভুক্ত ছিল।

56. মানি লন্ডারিং প্রিভেনশন আইন কি?

Solution: দেশে বিদ্যমান আইনের ব্যত্যয় ঘটিয়ে দেশের বাইরে বা সম্পত্তি পাচার কিংবা বিদেশে যে অর্থ বা সম্পত্তিতে বাংলাদেশের স্বার্থ রয়েছে এবং তা আনয়নের যোগ্য অথচ আনয়ন থেকে বিরত রাখা হচ্ছে এমন অবৈধ কমান্ড হ্রাস করার জন্য যে আইন রয়েছে তাই মানি লন্ডারিং প্রিভেনশন আইন।

57. দালাইলামার আসল নাম কি?

Solution: দালাইলামাকে বলা হয় তিব্বতের আধ্যাত্মিক প্রধান। বর্তমান চতুর্দশ দালাইলামার প্রকৃত নাম হলো তেনজিন গিয়াৎসু।

58. মুসলিম শাসনামলে 'খাজনা' শব্দের অন্য কোন শব্দ ব্যবহৃত হত?

Solution: মুসলিম শাসনামলে তথা মুঘল আমলে এ দেশে খাজনার অপর নাম ছিল জমা।

59. সম্প্রতি জাতিসংঘ ইকুয়েটর পুরস্কৃত করেছে?

ক. বঙ্গবন্ধু সাফারী পার্ক

খ. সুন্দরবন

গ. চুনতি অভয়ারণ্য

ঘ. কক্সবাজার সমুদ্র সৈকত

Solution: ২০১২ সালে জাতিসংঘ ইকুয়েটর পুরস্কার পায় বাংলাদেশের চুনতি অভয়ারণ্য সংরক্ষণ কমিটি।

60. পৃথিবীর সর্ববৃহৎ নদীর নাম কি? এর উৎপত্তিস্থল ও পতিতস্থল কোথায়?

Solution: আমাজান নদী হলো পৃথিবীর সর্ববৃহৎ নদী। এর উৎপত্তিস্থল আন্দিজ পর্বতমালা এবং পতিতস্থল আটলান্টিক মহাসাগর।